ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়: ঘূর্ণিঝড় আমফানসহ সাম্প্রতিক অভিজ্ঞতা

মো: নেওয়াজুল মওলা, কাজী আবু সালেহ, মো: মাহ্‌ফুজুল হক,
মো: রাজু আহমেদ মাসুম, মু. জাকির হোসেন খান


২৪ ডিসেম্বর ২০২০

# প্রেক্ষাপট ও যৌক্তিকতা

- জলবায়ু পরিবর্তনজনিত কারণে বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগের মাত্রা বৃদ্ধি
- জলবায়ু ঝুঁকি সূচক ২০১৯ অনুসারে ঘূর্ণিঝড়, বন্যা ও জলোচ্ছ্বাসসহ অন্যান্য দুর্যোগের ফলে সবচেয়ে আক্রান্ত দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান সপ্তম
- ১৬ বছরে (১৯৯১-২০০৬) ৬টি ঘূর্ণিঝড় সংঘটিত হলেও পরবর্তী ১৪ বছরে (২০০৭-২০২০) ১৫টির অধিক ঘূর্ণিঝড়ের আঘাত এবং জলবায়ু পরিবর্তনের ফলে স্বল্প সময়ের ব্যবধানে এ ধরনের দুর্যোগ ও ক্ষয়ক্ষতির মাত্রা ক্রমশ বৃদ্ধি
- ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, লবনাক্ততা এবং নদী ভাঙনে উপকূল অঞ্চলে ৩.৫ কোটি এবং চরাঞ্চলে ৬৫ লক্ষ মানুষের মারাত্বক ঝুঁকির মধ্যে অবস্থান
- বাংলাদেশে ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসজনিত বার্ষিক গড় ক্ষতি ৩.২ বিলিয়ন ডলার যা মোট জিডিপির ২.২ শতাংশ
- আমফানসহ সাম্প্রতিক দুর্যোগে উপকূলে বসবাসকারী প্রায় ২ কোটি ৯৫ লাখ মানুষ আক্রান্ত হয়েছে, মোট ৩,৭৫৭ জনের মৃত্যু এবং অন্যান্য উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতি

চলমান...

# প্রেক্ষাপট ও যৌক্তিকতা





তথ্যসূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম), জয়েন্ট নীডস অ্যাসেসমেন্ট (জেএনএ) এবং অন্যান্য প্রতিবেদন

- প্রাণহানির সংখ্যা কমলেও দুর্যোগে সাড়া প্রদানে দুর্বলতা, ভঙ্গুর বেড়িবাঁধ এবং তা নিয়মিত রক্ষণাবেক্ষণে ঘাটতির কারণে ক্ষেত্রবিশেষে কম প্রবল দুর্যোগেও সম্পদ ও অবকাঠামোর ক্ষতি ক্রমশ বৃদ্ধি
- দুর্যোগ মোকাবেলায় প্রাকৃতিক রক্ষাকবচ সুন্দরবনের জীববৈচিত্র্য, গাছ ও সরকারি অবকাঠামোর ব্যাপক ক্ষয়ক্ষতি

চলমান...

# প্রেক্ষাপট ও যৌক্তিকতা

- আবহাওয়া অধিদপ্তরের তথ্যমতে, ২০ মে ২০২০ তারিখে আঘাত হানা ঘূর্ণিঝড় আমফান একটি 'অতিপ্রবল' ঘূর্ণিঝড়-
  - বাতাসের গতিবেগ ২৪০-২৬০ কি.মি./ঘন্টা
  - জলোচ্ছ্বাসের উচ্চতা ১০-১৬ ফুট
  - সর্বোচ্চ ক্যাটাগরি-৫ হারিকেনের সমতুল্য
  - বিগত ২০ বছরের মধ্যে আঘাতহানা যেকোনো ঘূর্ণিঝড়ের তুলনায় প্রলয়ংকারী





তথ্যসূত্র: ইসিএমওডি/সেন্টিনেল-১; আমফান এর ২ দিন পর সেন্টিনেল-১ স্যাটেলাইট থেকে ধারণকৃত ছবি

চলমান...

# প্রেক্ষাপট ও যৌক্তিকতা

## ঘূর্ণিঝড় আমফানে সৃষ্ট জলোচ্ছ্বাসে নিমজ্জিত সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত এলাকা (হেক্টরে ও মোট ভূমির শতাংশে)




- মোট ভূমির শতকরা হারে সর্বোচ্চ নিমজ্জিত এলাকা -পাইকগাছা, দেবহাটা, রামপাল এবং কালিগঞ্জ

তথ্যসূত্র: সিএমওডি/সেন্টিনেল-১; আমফান এর ২ দিন পর সেন্টিনেল-১ স্যাটেলাইট চিত্রের ভিত্তিতে নিমজ্জিত এলাকার হিসাব করা হয়েছে

চলমান...

# প্রেক্ষাপট ও যৌক্তিকতা...

- ‘সেনডাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকশান’ এ অনুস্বাক্ষরকারী দেশ হিসেবে বাংলাদেশের দুর্যোগে কার্যকর সাড়া প্রদান ব্যবস্থা শক্তিশালী করা ও ঝুঁকি ব্যবস্থাপনায় সুশাসন নিশ্চিত করার অঙ্গীকার
- আমফানসহ সাম্প্রতিক সংঘটিত বিভিন্ন দুর্যোগ মোকাবেলায় সুশাসনের ঘাটতি সংক্রান্ত প্রতিবেদন গণমাধ্যমে প্রকাশ
- ঘূর্ণিঝড় সিডর ও আইলা পরবর্তীতে টেকসই বাঁধ নির্মাণ সরকারের সর্বোচ্চ নীতিনির্ধারণী পর্যায়ে অগ্রাধিকার কার্যক্রমের অংশ হলেও সংশ্লিষ্ট প্রকল্পগুলোর যথাসময়ে কার্যকর বাস্তবায়ন না হওয়া
- টেকসই উন্নয়ন অভীষ্টে (এসডিজি ২০৩০) দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে- “অর্থনৈতিক ক্ষয়ক্ষতির পরিমাণ উল্লেখযোগ্যভাবে কমিয়ে আনা” (লক্ষ্য ১১.৫)
- বাংলাদেশের দুর্যোগ ব্যবস্থাপনা মডেল আন্তর্জাতিকভাবে নন্দিত ও কোনো কোনো ক্ষেত্রে অনুসৃত হলেও সরকার গৃহীত কার্যক্রমে বিদ্যমান চ্যালেঞ্জ সুশাসনের দৃষ্টিকোণ থেকে পর্যবেক্ষণের প্রয়োজনীয়তা
- সিডর (২০০৭) ও আইলার (২০০৯) পর গত ১২ বছরে দুর্যোগ মোকাবেলায় সুশাসন চর্চায় কতটুকু অগ্রগতি হয়েছে তার ওপর বিস্তারিত গবেষণার ঘাটতি বিদ্যমান
- ইতোপূর্বে টিআইবি পরিচালিত জলবায়ু পরিবর্তনসহ দুর্যোগ বিষয়ক গবেষণায় সুশাসনের ঘাটতি পরিলক্ষিত এবং এ খাতে সুশাসন নিশ্চিতে টিআইবি’র ধারাবাহিক প্রচেষ্টার অংশ হিসেবে এই গবেষণা পরিচালিত

# গবেষণার উদ্দেশ্য

## প্রধান উদ্দেশ্য

সাম্প্রতিক দুর্যোগ মোকাবেলায় সুশাসনের অগ্রগতি ও চ্যালেঞ্জসমূহ পর্যালোচনা করা

## সুনির্দিষ্ট উদ্দেশ্য

- দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত অঙ্গীকার, আইন, নীতি ও আদেশাবলীর বাস্তবায়ন পর্যালোচনা করা
- আমফানের অভিজ্ঞতার সাথে পূর্বে সংঘটিত ৪টি দুর্যোগ মোকাবেলায় সরকার গৃহীত কার্যক্রমে সুশাসনের অগ্রগতি ও ঘাটতিসমূহ সামষ্টিক অভিজ্ঞতার আলোকে বিশ্লেষণ করা
- গবেষণায় প্রাপ্ত চ্যালেঞ্জ মোকাবেলায় সুপারিশ প্রদান করা

# গবেষণার পরিধি

- ঘূর্ণিঝড় সিডর, আইলা, রোয়ানু ও বন্যা (২০১৯) সহ ঘূর্ণিঝড় আমফান মোকাবেলায় পূর্ব প্রস্তুতি, ত্রাণ বিতরণ ও পুনর্বাসন সংক্রান্ত কার্যক্রম সুশাসনের নির্দেশকের আলোকে পর্যালোচনা

# গবেষণা পদ্ধতি

- এটি একটি গুণগত গবেষণা; তবে প্রয়োজন অনুযায়ী সংখ্যাগত তথ্য ব্যবহার
- প্রত্যক্ষ ও পরোক্ষ উভয় উৎস থেকে তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ
- তথ্য সংগ্রহের সময়কাল: ১৮ মে - ২৩ ডিসেম্বর ২০২০

| তথ্যের ধরন | তথ্য সংগ্রহ পদ্ধতি | তথ্যের উৎস |
|---|---|---|
| **প্রত্যক্ষ তথ্য** | মুখ্য তথ্যদাতার সাক্ষাৎকার | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা; জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা; পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা; ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)'র প্রতিনিধি; ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত পরিবার; স্থানীয় সাংবাদিক, জনপ্রতিনিধি ও নাগরিক সমাজের প্রতিনিধি |
| **পরোক্ষ তথ্য** | পর্যালোচনা | গণমাধ্যমে প্রচারিত সংবাদ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রকাশিত প্রতিবেদন, সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট আইন ও বিধিমালা |

- আমফান সংক্রান্ত তথ্য সংগ্রহের ক্ষেত্রে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম) এর তথ্যানুযায়ী সবচেয়ে ক্ষতিগ্রস্ত ৬টি জেলার মোট ১৩টি উপজেলাকে নির্বাচন করা হয়েছে (সংযুক্তি-১)
- আমফান সংক্রান্ত তথ্যের সাথে ইতোপূর্বে টিআইবি পরিচালিত দুর্যোগ বিষয়ক গবেষণা- সিডর, আইলা, রোয়ানু, বন্যা-২০১৯ তে প্রাপ্ত ফলাফল গবেষণাপত্রটিতে ব্যবহার করা হয়েছে

# গবেষণা পদ্ধতি

- দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী (এসওডি)সহ সংশ্লিষ্ট আইন, নীতিমালা ও চুক্তিতে উল্লেখকৃত প্রতিপালনযোগ্য নির্দেশাবলীর ভিত্তিতে এবং সুশাসনের নির্দেশকের আলোকে পর্যবেক্ষণের সুনির্দিষ্ট ক্ষেত্রগুলোকে চারটি রংয়ের মাধ্যমে উপস্থাপন করা হয়েছে

| | |
|---|---|
| নির্দেশাবলী সুনির্দিষ্ট ক্ষেত্রে প্রতিপালন করা হয়েছে | প্রতিপালন করা |
| নির্দেশাবলী সুনির্দিষ্ট ক্ষেত্রে আংশিক প্রতিপালন করা হয়েছে এবং ক্ষেত্রবিশেষে প্রতিপালনে ঘাটতি | প্রতিপালনে ঘাটতি |
| নির্দেশাবলী সুনির্দিষ্ট ক্ষেত্রে প্রতিপালন করা হয়নি | প্রতিপালন না করা |
| সুনির্দিষ্ট ক্ষেত্র সংক্রান্ত তথ্য না পাওয়া | এ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি |

# বিশ্লেষণ কাঠামো

| সুশাসনের নির্দেশক | পর্যবেক্ষণের সুনির্দিষ্ট ক্ষেত্র |
|---|---|
| **আইন ও নীতি'র প্রতিপালন** | ▪ দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত অঙ্গীকার, আইন, নীতি ও আদেশাবলীর বাস্তবায়ন |
| **স্বচ্ছতা** | ▪ কেন্দ্রিয় ও স্থানীয় পর্যায়ে দুর্যোগের পূর্বাভাস সংক্রান্ত তথ্য প্রকাশ<br>▪ আশ্রয়কেন্দ্রের সংখ্যা, ত্রাণ ও সুবিধাভোগীর তালিকা সংক্রান্ত তথ্য প্রকাশ<br>▪ দুর্যোগ সংক্রান্ত তথ্য প্রদানে হটলাইন সেবা |
| **সক্ষমতা** | ▪ সতর্কবার্তা প্রচার, পর্যাপ্ত আশ্রয়কেন্দ্র নির্মাণ, জরুরি উদ্ধার কার্যক্রম পরিচালনা<br>▪ ত্রাণের চাহিদা নিরূপণ, মজুদ ও বিতরণ এবং পুনর্বাসন<br>▪ দুর্যোগে ক্ষতিগ্রস্ত অবকাঠামো মেরামতে দ্রুত ব্যবস্থা গ্রহণ |
| **জবাবদিহিতা** | ▪ ঝুঁকিপূর্ণ স্থাপনা ও অবকাঠামো সময়মতো চিহ্নিতকরণ ও মেরামত<br>▪ দুর্যোগ পূর্ব প্রস্তুতি, ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী শনাক্তকরণ, আশ্রয়কেন্দ্রের যথাযথ ব্যবস্থাপনা<br>▪ গৃহস্থালী সম্পদ, কৃষি ও প্রাণিসম্পদ রক্ষায় প্রস্তুতি, ক্ষয়-ক্ষতির পরিমাণ যথাযথভাবে নিরূপণ<br>▪ ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম তদারকি, অভিযোগ নিরসন ব্যবস্থা |
| **অংশগ্রহণ** | ▪ দুর্যোগ সহনশীল অবকাঠামো নির্মাণ, সংস্কার, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা<br>▪ ত্রাণ বিতরণ এবং পুনর্বাসন কার্যক্রম |
| **অনিয়ম-দুর্নীতি** | ▪ ত্রাণ বিতরণ ও পুর্নবাসন কার্যক্রমে অনিয়ম ও দুর্নীতি<br>▪ দুর্যোগ সহনশীল অবকাঠামো (বাঁধ/আশ্রয়কেন্দ্র/রাস্তা ইত্যাদি) নির্মাণে অনিয়ম ও দুর্নীতি |
| **সমন্বয়** | ▪ দুর্যোগ পূর্ব প্রস্তুতি এবং পরবর্তী কার্যক্রমে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় |

# গবেষণার ফলাফল

# দুর্যোগ সংশ্লিষ্ট আন্তর্জাতিক চুক্তি: বাস্তবায়ন ও অগ্রগতিতে চ্যালেঞ্জ

| প্যারিস জলবায়ু পরিবর্তন চুক্তি ২০১৫ | |
|---|---|
| **দুর্যোগ মোকাবেলায় লক্ষ্যসমূহ** | **চ্যালেঞ্জ** |
| ‘ক্ষয়-ক্ষতি’ মোকাবেলায় উন্নত দেশগুলো কর্তৃক “দুষণকারী প্রদেয় ক্ষতিপূরণের নীতি” মেনে ক্ষতিগ্রস্ত দেশগুলোকে ক্ষতিপূরণ প্রদান | ▪ ক্ষয়-ক্ষতি’র সঠিক পরিমাণ নির্ধারণ ও প্রতিবেদন প্রণয়নে এবং আন্তর্জাতিক উৎস হতে বেশিরভাগ ক্ষেত্রে প্রয়োজনীয় তহবিল সংগ্রহে সক্ষমতার ঘাটতি<br>▪ তহবিল গঠন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিতের বদলে ব্যবসা ভিত্তিক ‘বীমা ও বন্ড’ ব্যবস্থার প্রতি নির্ভরতা বৃদ্ধি |
| অভিযোজন নিশ্চিতে বন ও প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনায় গুরুত্ব প্রদান | ▪ প্রধান কার্বন নিঃসরণকারী দেশ চীন, ভারত এবং জাপানের অর্থায়নে দুর্যোগ প্রতিরোধে প্রাকৃতিক রক্ষাকবচ সুন্দরবনের সন্নিকটে এবং পরিবেশগত সংকটাপন্ন এলাকায় প্রাণ ও প্রকৃতি বিরোধী কয়লা ও এলএনজি ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রসহ শিল্প কারখানা স্থাপন<br>▪ জলবায়ু পরিবর্তনে অন্যতম ক্ষতিগ্রস্ত দেশ হয়েও পরিবেশ বিধ্বংসী কয়লা এবং এলএনজি ভিত্তিক বিদ্যুৎ উৎপাদনে নির্ভরশীলতা অব্যহত এবং প্রাকৃতিক সম্পদ সুরক্ষা ও বন সংরক্ষণের বিপরীত নীতি বাস্তবায়ন |
| অভিযোজন ব্যবস্থা জোরদারে পারস্পরিক সহযোগীতা ও সক্ষমতা বৃদ্ধি | ▪ জাতীয় সক্ষমতা বৃদ্ধিতে চুক্তি স্বাক্ষরকারি দেশসমূহের সাথে পারস্পরিক সহযোগীতা বৃদ্ধিতে সুনির্দিষ্ট কর্মকৌশল না থাকা |

চলমান...

# দুর্যোগ সংশ্লিষ্ট আন্তর্জাতিক চুক্তি: বাস্তবায়ন ও অগ্রগতিতে চ্যালেঞ্জ

| সেনডাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকশন ২০১৫-২০৩০ | |
|---|---|
| চুক্তির আওতায় দুর্যোগ মোকাবেলায় লক্ষ্যসমূহ | চ্যালেঞ্জ |
| ঝুঁকি নিরসনে স্বচ্ছতা নিশ্চিত করা | ▪ নিয়মিত স্থানীয় ও জাতীয় পর্যায়ে জনগণের বোধগম্য ভাষায় দুর্যোগ সংক্রান্ত তথ্য প্রকাশে কোনো কাঠামোবদ্ধ নির্দেশিকা না থাকা<br>▪ দুর্যোগ প্রস্তুতি, সাড়াদান ও পরবর্তী ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম সংক্রান্ত তথ্য উন্মুক্তকরনে (প্রকাশ ও প্রচার) ঘাটতি |
| বিভাগীয় আইন ও বিধি-বিধানের কার্যকর প্রয়োগ নিশ্চিতে প্রয়োজনীয় কর্মকৌশল গ্রহণ | ▪ দুর্যোগ প্রস্তুতি, মোকাবেলা ও ত্রাণ কার্যক্রমে অনিয়ম ও দুর্নীতি প্রতিরোধে বিভাগীয় আইন ও বিধি-বিধানের কার্যকর প্রয়োগ না করা |
| স্থানিক ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে কার্যকর সমন্বয় স্থাপন | ▪ স্থানীয় পর্যায়ে দুর্যোগ প্রস্তুতি, সাড়াদান এবং পরবর্তী ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমে সরকারি, বেসরকারি প্রতিষ্ঠানসমূহের মধ্যে কার্যকর সমন্বয়ে ঘাটতি |

চলমান...

# দুর্যোগ সংশ্লিষ্ট জাতীয় আইন, নীতি ও আদেশাবলী : প্রতিপালনে চ্যালেঞ্জ

| দুর্যোগ ব্যবস্থাপনা আইন-২০১২ | |
|---|---|
| **প্রধান বিধানসমূহ** | **চ্যালেঞ্জ** |
| ধারা ১০(২) অধিদপ্তরের মহাপরিচালক নিয়োগ | ▪ মহাপরিচালক নিয়োগে চাকুরির শর্ত ও যোগ্যতার (দুর্যোগ সম্পর্কিত বিশেষায়িত জ্ঞান, অভিজ্ঞতা ইত্যাদি) বিষয়গুলো নির্ধারণ না করায় নিয়োগ প্রক্রিয়ায় অনিয়মের সুযোগ সৃষ্টি এবং বিশেষায়িত জ্ঞানসম্পন্ন নেতৃত্বের ঘাটতি |
| ধারা ১২(১) জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠা | ▪ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠা না করায় দুর্যোগ সংক্রান্ত গবেষণালব্ধ তথ্যের স্বল্পতা |
| ধারা ২৯(১) অনিয়ম, গাফিলতি বা অব্যবস্থাপনা পরিলক্ষিত হলে অভিযোগ দায়ের এবং উত্থাপনকৃত অভিযোগ নিষ্পত্তির বিধান | ▪ অভিযোগ দাখিলকারীর সুরক্ষায় কোন সুনির্দিষ্ট বিধান না থাকায় অভিযোগ দাখিলকারীকে হুমকি ও মামলার ভয় প্রদর্শন<br>▪ অভিযোগ প্রদানের পর তা নিরসনে গাফিলতি করলে আইনের অধীনে কোন সুনির্দিষ্ট শাস্তির বিধান না থাকা |

চলমান...

# দুর্যোগ সংশ্লিষ্ট জাতীয় আইন, নীতি ও আদেশাবলী : প্রতিপালনে চ্যালেঞ্জ

**জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা নীতিমালা-২০১৫**

| নীতি/বিধান | চ্যালেঞ্জ |
|---|---|
| সতর্ক সংকেত ব্যবস্থার উদ্ভাবন, যুগোপযোগী এবং বাস্তবায়ন | ▪ দুর্যোগের পূর্বাভাস যুগোপযোগী করায় উদ্যোগ না নেওয়া, পুরনো পদ্ধতিতে (বন্দরের জন্য প্রযোজ্য) পূর্বাভাস প্রদানের ফলে সাধারণ জনগণের কাছে বোধগম্য না হওয়ায় প্রাণহানি ও সম্পদের ক্ষয়-ক্ষতির ঝুঁকি বৃদ্ধি |
| দুর্যোগ ব্যবস্থাপনার সাথে জড়িত সকল প্রতিষ্ঠানের প্রতিবেদন/নথিসমূহের সমন্বয়ে একটি অনলাইন ডাটাবেজ গড়ে তোলা | ▪ নীতিমালা প্রণয়নের ০৫ বছর অতিক্রান্ত হলেও অনলাইন ডাটাবেজ প্রস্তুতে উদ্যোগ গ্রহণ না করায় দুর্যোগ সংক্রান্ত তথ্যের দুষ্প্রাপ্যতা |
| বিভিন্ন পর্যায়ে ত্রাণ তহবিল ও ত্রাণ ভান্ডারের নগদ অর্থ ও সামগ্রী দ্রুত দুর্গত এলাকায় পৌঁছানো | ▪ দুর্গম এলাকায় ত্রাণ সামগ্রী পৌঁছানোয় বিলম্ব<br>▪ কোনো কোনো ক্ষেত্রে পরিবহন ব্যয় নির্বাহে সংশ্লিষ্ট কর্মকর্তা/স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক ত্রাণের পণ্য বিক্রয় এবং ভূক্তভোগীকে বরাদ্দের তুলনায় কম ত্রাণ প্রদান |

চলমান...

# দুর্যোগ সংশ্লিষ্ট জাতীয় আইন, নীতি ও আদেশাবলী : প্রতিপালনে চ্যালেঞ্জ

## ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০১১

| নীতি/বিধান | চ্যালেঞ্জ |
|---|---|
| আশ্রয়কেন্দ্র নির্মাণের পরিকল্পনা পর্যায়ে পরিবেশগত প্রভাব নিরুপন (ইআইএ) | ▪ পরিবেশগত প্রভাব নিরূপণ ছাড়াই কোনো কোনো আশ্রয়কেন্দ্র নির্মাণ করা<br>▪ যথাযথভাবে স্থান নির্বাচন ও ঝুঁকি যাচাই না করায় আশ্রয়কেন্দ্র নির্মাণের পর বিভিন্ন স্থানে তা নদীগর্ভে বিলীন হয়ে যাওয়া |
| আশ্রয়কেন্দ্রের স্থান নির্বাচনে জিআইএস প্রযুক্তির ব্যবহার; ঝুঁকিতে থাকা এলাকা, জনসংখ্যার ঘনত্ব, যোগাযোগ ব্যবস্থা, নিকটবর্তী আশ্রয়কেন্দ্র থেকে দূরত্ব ও ভূমির প্রাপ্যতা বিবেচনা করা | ▪ জিআইএস প্রযুক্তির ব্যবহার নিশ্চিত না করা<br>▪ উল্লিখিত বিষয়গুলোকে বিবেচনায় না নিয়ে স্থানীয় প্রভাবশালীদের ব্যক্তিগত অনৈতিক সুযোগ-সুবিধা নিশ্চিতে রাজনৈতিক ও প্রশাসনিক ক্ষমতার অপব্যবহার |
| আশ্রয়কেন্দ্র নির্মাণ এবং ব্যবস্থাপনায় সুবিধাভোগীদের অন্তর্ভুক্ত করা | ▪ স্থানীয় দরিদ্রদের নির্মাণ শ্রমিক হিসেবে এবং আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনায় স্থানীয় জনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত না করা<br>▪ ক্ষেত্রবিশেষে আশ্রয়কেন্দ্র প্রভাবশালীদের দখলে রাখা ও ব্যক্তিগত কাজে ব্যবহারের কারণে দুর্যোগের সময় ব্যাবহারোপযোগী না থাকা |

চলমান...

# দুর্যোগ সংশ্লিষ্ট জাতীয় আইন, নীতি ও আদেশাবলী : প্রতিপালনে চ্যালেঞ্জ...

| দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী ২০১৯ | |
|---|---|
| **দুর্যোগ মোকবেলায় আদেশাবলী** | **আদেশাবলী প্রতিপালনে চ্যালেঞ্জ** |
| ▪ দুর্যোগ সহনশীল অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ | ▪ দুর্যোগ সহনশীল অবকাঠামো (ঝুঁকিপূর্ণ আশ্রয়কেন্দ্র, রাস্তা ও বাঁধ) মেরামত ও পুনর্গঠন কার্যক্রমের কার্যকর বাস্তবায়ন না করা |
| ▪ সতর্কীকরণ ও নিরাপত্তামূলক বার্তা প্রচার করা | ▪ আধুনিক ও যুগোপোযোগী পদ্ধতিতে সতর্কীকরণ ও নিরাপত্তামূলক বার্তা প্রচারে ঘাটতি |
| ▪ প্রয়োজনীয় সেবা এবং নিরাপত্তা নিশ্চিত করা | ▪ পর্যাপ্ত সুযোগ-সুবিধা (পর্যাপ্ত খাদ্য, পানি, পয়ঃনিস্কাশন, জরুরি চিকিৎসা এবং প্রয়োজনীয় নিরাপত্তা) নিশ্চিতে ঘাটতি |
| ▪ ত্রাণ সহায়তা ও পুনর্বাসন কার্যক্রম পরিচালনা করা | ▪ ত্রাণ সহায়তা ও পুনর্বাসন কার্যক্রমে দুর্নীতি ও অনিয়ম<br>▪ স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সহায়তা ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণে ঘাটতি |
| ▪ আন্তঃপ্রাতিষ্ঠানিক সমন্বয় নিশ্চিত করা | ▪ সরকারি ও বেসরকারি সংস্থাগুলোর মধ্যে দুর্যোগ পূর্ব-প্রস্তুতি, সাড়াদান, ক্ষয়ক্ষতি নিরূপণ, মানবিক সহায়তা ও পুনর্বাসন কার্যক্রমে সমন্বয়ে ঘাটতি |

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: স্বচ্ছতা

| স্বচ্ছতার চ্যালেঞ্জ বিষয়ক পর্যবেক্ষণের সুনির্দিষ্ট ক্ষেত্রসমূহ | সিডর-২০০৭ | আইলা-২০০৯ | রোয়ানু-২০১৬ | বন্যা-২০১৯ | আমফান-২০২০ |
|---|---|---|---|---|---|
| কেন্দ্রিয় পর্যায়ে দুর্যোগের পূর্বাভাস সংক্রান্ত তথ্য প্রকাশ | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | প্রকাশ | ঘাটতি |
| স্থানীয় পর্যায়ে দুর্যোগের পূর্বাভাস সংক্রান্ত তথ্য প্রকাশ | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি |
| আশ্রয়কেন্দ্রের সংখ্যা, সুযোগ-সুবিধা ও সেবা সংক্রান্ত তথ্য প্রকাশ | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | প্রকাশ |
| কন্ট্রোল রুম/হট লাইনের নম্বর আক্রান্ত জনগোষ্ঠীর মধ্যে প্রচার | এ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি | এ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি | না করা | না করা | না করা |
| স্থানীয়ভাবে ত্রাণ ও সুবিধাভোগীর তালিকা প্রকাশ | না করা | না করা | না করা | না করা | না করা |
| প্রকৃত ক্ষয়-ক্ষতি সংক্রান্ত প্রতিবেদন প্রকাশ | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি |
| ত্রাণ বিতরণ তদারকি প্রতিবেদন প্রকাশ | না করা | না করা | না করা | না করা | না করা |

| রং | অর্থ |
|---|---|
| সবুজ | প্রকাশ |
| হলুদ | ঘাটতি |
| লাল | না করা |
| ধূসর | এ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি |

চলমান...

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: স্বচ্ছতা...

- **পূর্বে সংঘটিত দুর্যোগসহ সর্বশেষ ঘূর্ণিঝড় আমফানেও**
  - কোনো কোনো দুর্গম এলাকায় দুর্যোগের পূর্বাভাস সংক্রান্ত তথ্য প্রকাশ ও সতর্কতামূলক বার্তা প্রচার না করা
  - কন্ট্রোল রুম/হট লাইনের নাম্বার কোনো কোনো দুর্গম এলাকার আক্রান্ত জনগোষ্ঠীর মধ্যে প্রচার না করা
  - ক্ষয়-ক্ষতি নিরূপণ সংক্রান্ত কমিটির প্রতিবেদন এবং স্থানীয়ভাবে ত্রাণ ও সুবিধাভোগীর তালিকা প্রকাশ না করা
  - মন্ত্রনালয়ের সুনির্দিষ্ট কর্মকর্তাদের বিভাগ ও জেলা ভিত্তিক তদারকি প্রতিবেদন করার দায়িত্ব থাকলেও এ সংক্রান্ত প্রতিবেদন প্রকাশ না করা

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: সক্ষমতা

| সক্ষমতার চ্যালেঞ্জ বিষয়ক পর্যবেক্ষণের সুনির্দিষ্ট ক্ষেত্রসমূহ | সিডর-২০০৭ | আইলা-২০০৯ | রোয়ানু-২০১৬ | বন্যা-২০১৯ | আমফান-২০২০ |
|---|---|---|---|---|---|
| সতর্কবার্তা প্রচার পদ্ধতি আধুনিক ও সময়োপযোগী করা | না করা | না করা | না করা | না করা | না করা |
| পর্যাপ্ত সংখ্যক আশ্রয়কেন্দ্র নির্মাণ করা | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি |
| জরুরি উদ্ধার কার্যক্রম পরিচালনা | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি |
| স্থানীয় পর্যায়ে ত্রাণ মজুদকরণ | না করা | না করা | না করা | ঘাটতি | না করা |
| আক্রান্ত জনগোষ্ঠীর নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত | না করা | না করা | না করা | না করা | না করা |
| জরুরি চিকিৎসা ও স্বাস্থ্যসেবা এবং স্যানিটেশন নিশ্চিত | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি |
| দুর্যোগে ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান মেরামতে দ্রুত ব্যবস্থা গ্রহণ | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি |

| রং | অর্থ |
|---|---|
| হলুদ | ঘাটতি |
| লাল | না করা |

চলমান...

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: সক্ষমতা

- **দুর্যোগের সংখ্যা ও ক্ষয়ক্ষতির মাত্রা ক্রমশ বৃদ্ধি পেলেও সতর্কবার্তা প্রচার পদ্ধতি আধুনিক ও ঝুঁকিপূর্ন জনসাধারণের বোধগম্য না করতে পারা**
  - সাধারণ জনগণের জন্য বোধগম্য করে প্রচার না করে নৌ ও সমুদ্র বন্দরের জন্য প্রযোজ্য সতর্কবার্তা প্রচার করায় দুর্যোগের ক্ষয়-ক্ষতি বৃদ্ধি পাওয়া
- **প্রয়োজনীয় সংখ্যক আশ্রয়কেন্দ্র নির্মাণে ঘাটতি-** সারাদেশে ২২ হাজারের বেশি আশ্রয়কেন্দ্রের চাহিদা থাকলেও প্রায় ৩২ শতাংশ কম থাকা
- **স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধি কর্তৃক জরুরি উদ্ধার কার্যক্রম পরিচালনায় ঘাটতি**
  - কোনো কোনো এলাকায় স্বেচ্ছাসেবকদের টিম গঠন না করায় দুর্গম এলাকায় জরুরি উদ্ধার কাজ পরিচালনা ব্যহত এবং বিপদাপন্ন জনগোষ্ঠীর অধিকতর ঝুঁকিতে অবস্থান
- **স্থানীয় পর্যায়ে পর্যাপ্ত অবকাঠামো না থাকায় যথাসময়ে ত্রাণ মজুদ করতে না পারা**
  - ত্রাণ মজুদে ব্যর্থ হওয়ায় দুর্যোগকালীন ও পরবর্তী সময়ে বিতরণে বিলম্ব
- **দুর্যোগে আক্রান্ত জনগোষ্ঠীর নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিতে প্রাতিষ্ঠানিক উদ্যোগ না থাকা**
  - পুলিশ প্রশাসন কর্তৃক নিরাপত্তা নিশ্চিতে টহল কার্যক্রম পরিচালনা করতে না পারায় কোনো কোনো এলাকায় চুরি-ডাকাতির ঘটনা

চলমান...

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জঃ সক্ষমতা...

- **দুর্যোগে আক্রান্ত জনগোষ্ঠীর নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিতে প্রাতিষ্ঠানিক উদ্যোগ না থাকা...**
  - জনগণের মূল্যবান সম্পদ নিরাপদ স্থানে স্থানান্তরের জন্য পর্যাপ্ত পরিবহনের ব্যবস্থা করতে না পারা
- **জরুরি চিকিৎসা ও স্বাস্থ্যসেবা এবং স্যানিটেশন নিশ্চিতে ঘাটতি**
  - পর্যাপ্ত মেডিকেল টিম এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রয়োজনীয় পরিবহন বা অর্থের বরাদ্দ না থাকায় কোনো কোনো এলাকায় জরুরি চিকিৎসা সেবা প্রদানে ঘাটতি
  - চিকিৎসা সরঞ্জাম ও জরুরী ঔষধ সরবরাহ এবং লোকবল নিয়োগের মাধ্যমে ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে স্বাস্থ্যকেন্দ্র চালু রাখাসহ স্বাস্থ্যসেবা ব্যবস্থা পুনঃপ্রতিষ্ঠা করে জরুরী পরিস্থিতিতে সেবা প্রদানের যথাযথ ব্যবস্থা না থাকা
  - নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন নিশ্চিতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মতৎপরতার ঘাটতি
- **শিক্ষা প্রতিষ্ঠান সংস্কার ও পুনঃনির্মাণে পদক্ষেপের ঘাটতি**
  - স্থানীয় শিক্ষা অফিস কর্তৃক শিক্ষা কার্যক্রম স্বাভাবিক করতে শিক্ষা প্রতিষ্ঠান মেরামতের বাজেট না থাকা
  - কোনো কোনো এলাকায় ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের শিক্ষা সামগ্রী পুনঃবিতরণ না করা এবং দূরবর্তী বিচ্ছিন্ন এলাকার দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের স্কুলে ফিরিয়ে আনতে না পারা

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: জবাবদিহিতা

| জবাবদিহিতার চ্যালেঞ্জ বিষয়ক পর্যবেক্ষণের সুনির্দিষ্ট ক্ষেত্রসমূহ | সিডর-২০০৭ | আইলা-২০০৯ | রোয়ানু-২০১৬ | বন্যা-২০১৯ | আমফান-২০২০ |
|---|---|---|---|---|---|
| ঝুঁকিপূর্ণ অবকাঠামো (বাঁধ, আশ্রয়কেন্দ্র, রাস্তা, শিক্ষা প্রতিষ্ঠান) চিহ্নিত করা | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি |
| দুর্যোগের আগেই ঝুঁকিপূর্ণ অবকাঠামো মেরামত | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি |
| প্রচার মাধ্যমে দুর্যোগের সঠিক বার্তা প্রদান | এ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি | এ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি |
| প্রকৃত ক্ষয়-ক্ষতির পরিমাণ নিরূপণ | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি |
| দুর্যোগে ক্ষতিগ্রস্ত অবকাঠামো দ্রুত মেরামত | না করা | না করা | না করা | না করা | না করা |

| রং | অর্থ |
|---|---|
| হলুদ | ঘাটতি |
| লাল | না করা |
| ধূসর | এ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি |

- **পূর্বাভাস ও সতর্কবার্তা প্রদানে আবহাওয়া অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক বিভিন্ন প্রচার মাধ্যমে বিভ্রান্তিকর বার্তা প্রদান** (সংযুক্তি-২) - স্থানীয় জনপ্রশাসন ও জনপ্রতিনিধি এবং সাধারণ জনগণের মাঝে পূর্বাভাস সংক্রান্ত তথ্য নিয়ে বিভ্রান্তি
- **প্রকৃত ক্ষয়-ক্ষতির পরিমাণ সঠিকভাবে নিরূপণে ঘাটতি**

  –ক্ষয়-ক্ষতি নিরূপণ সংক্রান্ত কমিটি কর্তৃক প্রকৃত ক্ষয়-ক্ষতির পরিমাণ সঠিকভাবে চিহ্নিত না করা

চলমান...


# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: জবাবদিহিতা

- **৬০ ও ৭০'র দশকে নির্মিত উপকূলের অধিকাংশ ঝুঁকিপূর্ণ বাঁধ মেরামতে দ্রুত ও কার্যকর পদক্ষেপে ঘাটতি**
  - দুর্বলভাবে নির্মিত বাঁধগুলো জোয়ারের পানি প্রতিরোধে অকার্যকর; সিডর, আইলাসহ সর্বশেষ আমফানে জলোচ্ছ্বাসে ব্যাপক এলাকা প্লাবিত
- **পূর্বে সংঘটিত দুর্যোগসহ সর্বশেষ ঘূর্ণিঝড় আমফানেও ক্ষতিগ্রস্ত অবকাঠামো জরুরি ভিত্তিতে মেরামত ও সংস্কারে পাউবোকে বিশেষ বরাদ্দ দেওয়া হলেও দ্রুত বাস্তবায়নে যথাযথ উদ্যোগ গ্রহণ না করা**
  - বাঁধ দ্রুত মেরামত ও সংস্কারে পাউবো'র কর্মদক্ষতার ঘাটতি ও বরাদ্দপ্রাপ্ত অর্থ সম্পূর্ণ ব্যবহার না করার অভিযোগ
  - দুর্বল বাঁধের কারণে আমফানে ৮৪টি পয়েন্টে মোট ২৩৩ কিলোমিটার বাঁধ ভাঙলেও মেরামতে দ্রুত ব্যবস্থা গ্রহণ না করায় জোয়ারের পানি প্রবেশের ফলে দুর্গত এলাকায় জলাবদ্ধতার সৃষ্টি (সংযুক্তি-৩)
  - আমফান আঘাত হানার ৬ মাস অতিবাহিত হলেও সাতক্ষীরার আশাশুনিতে বাঁধ সংস্কার না করায় ঘর-বাড়ি পানির নিচে তলিয়ে আক্রান্ত প্রায় ২০ হাজার মানুষের গৃহহীন থাকা
- **সিডর'র পর ২০১৯ পর্যন্ত উপকূলীয় জেলাসমূহে পাউবো প্রায় ১৯ হাজার কোটি টাকা ব্যয়ে ১৬৮টি প্রকল্প বাস্তবায়ন (সংযুক্তি-৪) করলেও অধিকাংশ দুর্যোগ সহনশীল অবকাঠামো এখনো নাজুক অবস্থায় থাকা এবং ঘূর্ণিঝড় আমফানে বাঁধ ভেঙ্গে ১ লাখ ৭৬ হাজার হেক্টর এলাকা প্লাবিত**

চলমান...

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: জবাবদিহিতা

- উন্নয়ন তহবিল ও বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ ট্রাস্ট ফান্ড (বিসিসিটিএফ) থেকে উপকূলীয় এলাকায় প্রায় ১৯ হাজার কোটি টাকার প্রকল্প বাস্তবায়ন করলেও রাজনৈতিক বিবেচনায় তহবিল বরাদ্দের কারণে প্রাকৃতিক দুর্যোগে সর্বোচ্চ ক্ষতিগ্রস্ত জেলাগুলোতে কম বরাদ্দ




তথ্যসূত্র: পানি উন্নয়ন বোর্ড (পাউবো) এবং বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ ট্রাস্ট ফান্ড (বিসিসিটিএফ)


* চিত্রে জেলাভিত্তিক ১২,৮০৪ কোটি টাকা বরাদ্দ দেখানো হয়েছে; এছাড়া, উন্নয়ন তহবিল থেকে অন্যান্য উপকূলীয় জেলাসমূহে ৬১৭৫ কোটি টাকা বরাদ্দ

চলমান...

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: জবাবদিহিতা

- **জমির দীর্ঘমেয়াদী ক্ষয়-ক্ষতি বিবেচনায় না নেওয়া**
  – জমির দীর্ঘমেয়াদী ক্ষয়-ক্ষতি নিরূপণে সিডর ও আইলা পরবর্তী ক্ষয়-ক্ষতির অভিজ্ঞতা (যেমন ৩৫ শতাংশ কৃষি জমির লবণাক্ততাজনিত ক্ষয়-ক্ষতি কাটিয়ে না ওঠা, দুর্যোগের পরের বছর থেকে ফসল উৎপাদন ২০ শতাংশ কম হওয়া) বিবেচনায় না নেওয়া

**“শুধুমাত্র উপকূলীয় জেলাগুলোতে ঘূর্ণিঝড় আমফান পরবর্তী দীর্ঘমেয়াদে কৃষিতে ব্যাপক ক্ষতি হবে। ১ম বছরান্তে প্রাক্কলিত ক্ষতির পরিমাণ হবে প্রায় ২,০৩৫ কোটি টাকা। এছাড়া আগামী দুই থেকে তিন বছর প্রায় ৬১,৬০২ হেক্টর জমি ব্যবহার অনুপযোগী থাকার ঝুঁকি রয়েছে”**




তথ্যসূত্র: কৃষি মন্ত্রণালয় এর তথ্যের ভিত্তিতে টিআইবি’র বিশ্লেষণ

চলমান...

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: জবাবদিহিতা

| জবাবদিহিতার চ্যালেঞ্জ বিষয়ক পর্যবেক্ষণের সুনির্দিষ্ট ক্ষেত্রসমূহ | সিডর-২০০৭ | আইলা-২০০৯ | রোয়ানু-২০১৬ | বন্যা-২০১৯ | আমফান-২০২০ |
|---|---|---|---|---|---|
| ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে দুর্যোগ বিষয়ক স্থায়ী কমিটির কার্যকরতা | এ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি | এ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি | এ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি | না থাকা | না থাকা |
| দুর্যোগ বিষয়ক মহড়ার আয়োজন | না থাকা | না থাকা | না থাকা | না থাকা | না থাকা |
| ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী শনাক্ত ও নিরাপদ আশ্রয়ে সরিয়ে নেওয়া | না থাকা | না থাকা | না থাকা | ঘাটতি | না থাকা |
| গৃহস্থালী সম্পদ, কৃষি ও প্রাণিসম্পদ রক্ষায় পদক্ষেপ | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি |
| যথাযথভাবে ত্রাণের চাহিদা নিরূপণ | না থাকা | না থাকা | না থাকা | না থাকা | না থাকা |
| যথাযথভাবে ত্রাণ বরাদ্দ ও বিতরণ | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি |
| পুনর্বাসন কার্যক্রম পরিচালনায় পদক্ষেপ গ্রহণ | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি |
| ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম তদারকি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি | ঘাটতি |
| স্থানীয় পর্যায়ে আনুষ্ঠানিকভাবে অভিযোগ নিরসন ব্যবস্থা | না থাকা | না থাকা | না থাকা | না থাকা | না থাকা |

| | |
|---|---|
| (লাল) | না থাকা |
| (হলুদ) | ঘাটতি |
| (ধূসর) | এ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি |

চলমান...

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: জবাবদিহিতা

- **দুর্যোগের পূর্বে আশ্রয়কেন্দ্র প্রস্তুত, পর্যাপ্ত খাবার ও আশ্রয়কেন্দ্রে অবস্থানকালীন সুবিধা নিশ্চিতে ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ের দুর্যোগ বিষয়ক স্থায়ী কমিটিগুলোর কার্যকরতা না থাকা**
- **সরকারি নির্দেশনা থাকা স্বত্বেও অংশীজনদের সম্পৃক্ত করে স্থানীয় পর্যায়ে দুর্যোগ বিষয়ক মহড়ার আয়োজন না করা**
- **দুর্গম চর, দ্বীপ ও হাওর অঞ্চলের জনগোষ্ঠীকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে নেওয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের উদ্যোগের ঘাটতি**
- **দুর্যোগকালীন সময়ে কোনো কোনো আশ্রয়কেন্দ্রে পর্যাপ্ত সুযোগ-সুবিধা নিশ্চিতে ঘাটতি**
  - গৃহস্থালি প্রাণি ও প্রয়োজনীয় মালামাল রাখার জায়গা পূর্ব থেকে প্রস্তুত করে না রাখা
  - স্থানীয় প্রশাসনের পক্ষ থেকে শিশুখাদ্যসহ পর্যাপ্ত খাবার সরবরাহ না করায় মানুষ অভুক্ত থাকা
  - নারী, শিশু, বৃদ্ধ, অসুস্থ ও প্রতিবন্ধীদের জন্য পৃথক কক্ষ ও ল্যাট্রিন না থাকা
  - রাত্রীকালীন আলো সরবরাহের ব্যবস্থা না থাকা এবং রাত্রিযাপনে বিবিধ নিরাপত্তা ঝুঁকি
  - মেডিক্যাল টিমের উপস্থিতি নিশ্চিত না করা
- **স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধি কর্তৃক দুর্যোগকবলিত এলাকা সরেজমিনে পরিদর্শন না করে ত্রাণের চাহিদা নিরূপণ করার অভিযোগ** - চাহিদা যথাযথভবে নিরূপণ করতে ব্যর্থ হওয়ায় খাদ্য সংকট

চলমান...

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: জবাবদিহিতা...

- **প্রয়োজনের তুলনায় অপ্রতুল ত্রাণ বরাদ্দ যা দুর্যোগের ক্ষতি বিবেচনায় খুবই সামান্য এবং ক্ষেত্রবিশেষে অসম**
  –প্রকৃত ক্ষতিগ্রস্তের সংখ্যা বিবেচনায় না নিয়ে টাকা, চাল ও ঢেউটিন বরাদ্দ; ক্ষেত্রবিশেষে রাজনৈতিক বিবেচনায় কম ক্ষতিগ্রস্ত এলাকায় অধিক বরাদ্দ এবং বেশি ক্ষতিগ্রস্ত এলাকায় বরাদ্দ না দেওয়া
- **ত্রাণ বিতরণ ও পুনর্বাসন কার্যক্রম তদারকির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের যথাযথ ভূমিকা পালন না করা**
  –স্থানীয় পর্যায়ে 'ট্যাগ অফিসার' এবং বিভাগ ও জেলা ভিত্তিক মন্ত্রনালয়ের কর্মকর্তাদের তদারকিতে ন্যস্ত করা হলেও কোনো কোনো ক্ষেত্রে সরাসরি দুর্যোগ কবলিত এলাকায় না গিয়ে কার্যালয়ে বসে তদারকি করার অভিযোগ
- **পুনর্বাসন কার্যক্রমে দুর্গম এলাকার সর্বাধিক ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে অগ্রাধিকার প্রদানে ঘাটতি**
  –সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর ঘর-বাড়ি মেরামত ও সংস্কার, জীবিকার পুনঃপ্রতিষ্ঠা এবং তাদের সক্ষমতা তৈরিতে ডিডিএম কর্তৃক কার্যকর উদ্যোগ না নেওয়া
- **সিডর ও আইলাসহ আমফানে বাস্তুচ্যুতদের পুনর্বাসনের কার্যকর উদ্যোগ না নেওয়ায় দীর্ঘদিন ধরে বাঁধে অবস্থান**
  – আমফানে সৃষ্ট জলোচ্ছ্বাসে কয়রায় ১৮ টি গ্রাম পানির নিচে তলিয়ে ২০০০০ মানুষ গৃহহীন
- **স্থানীয় পর্যায়ে আনুষ্ঠানিকভাবে ত্রাণ বিতরণ সংক্রান্ত অভিযোগ দায়ের করার কোনো ব্যবস্থা না থাকা**
  –উপজেলা প্রশাসন কর্তৃক ত্রাণ বিতরণ সংক্রান্ত অভিযোগ আমলে না নেওয়া এবং ক্ষেত্রবিশেষে মৌখিকভাবে অভিযোগ করলে হয়রানির শিকার হওয়া

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: অংশগ্রহণ

| অংশগ্রহণের চ্যালেঞ্জ বিষয়ক পর্যবেক্ষণের সুনির্দিষ্ট ক্ষেত্রসমূহ | সিডর-২০০৭ | আইলা-২০০৯ | রোয়ানু-২০১৬ | বন্যা-২০১৯ | আমফান-২০২০ |
|---|---|---|---|---|---|
| আশ্রয়কেন্দ্র নির্মাণের জন্য স্থান নির্বাচনে স্থানীয় জনগণের মতামত গ্রহণ | | | | | |
| আশ্রয়কেন্দ্র নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনায় স্থানীয় নাগরিকের অংশগ্রহণ | | | | | |
| বাঁধ নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনায় স্থানীয় জনগণের অংশগ্রহণ | | | | | |
| ত্রাণ বিতরণ এবং পুনর্বাসন কার্যক্রমে স্থানীয় জনগণের অংশগ্রহণ | | | | | |

| | |
|---|---|
| | ঘাটতি |
| | অংশগ্রহণ না থাকা |

- **আশ্রয়কেন্দ্রের স্থান নির্বাচনে স্থানীয় জনগণের মতামত অগ্রাহ্য করা**
  - গুলিশাখালীতে স্থানীয় চেয়ারম্যান ও জনগণের দাবী উপেক্ষা করে সবচেয়ে ঝুঁকিপূর্ণ স্থানের পরিবর্তে একজন প্রকৌশলীর বাড়ির নিকট আশ্রয়কেন্দ্র নির্মাণ করা
- **আশ্রয়কেন্দ্র ও বাঁধ নির্মাণে স্থানীয় দরিদ্র জনগোষ্ঠীকে শ্রমিক হিসেবে কাজের সুযোগ প্রদানে ঘাটতি**
- **অধিকতর কার্যকর হলেও বাঁধ নির্মাণ ও সংরক্ষণে জনঅংশগ্রহণমূলক সমন্বিত পানি ব্যবস্থাপনা মডেল অনুসরণ না করা**

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: অনিয়ম ও দুর্নীতি

| অনিয়ম ও দুর্নীতি বিষয়ক পর্যবেক্ষণের সুনির্দিষ্ট ক্ষেত্রসমূহ | সিডর-২০০৭ | আইলা-২০০৯ | রোয়ানু-২০১৬ | বন্যা-২০১৯ | আমফান-২০২০ |
|---|---|---|---|---|---|
| দুর্যোগ সহনশীল অবকাঠামো (বাঁধ, রাস্তা, আশ্রয়কেন্দ্র) নির্মাণে অনিয়ম ও দুর্নীতি | | | | | |
| আশ্রয়কেন্দ্র/বাঁধ নির্মাণে রাজনৈতিক ক্ষমতার ব্যবহার ও ব্যক্তি স্বার্থকে প্রাধান্য দেওয়া | | | | | |
| আশ্রয়কেন্দ্র ব্যক্তিগত উদ্দেশে ব্যবহার | | | | | |
| ত্রাণ বিতরণে রাজনৈতিক ক্ষমতার ব্যবহার | | | | | |

হয়েছে

- **আশ্রয়কেন্দ্র নির্মাণের স্থান নির্ধারণে যথাযথভাবে ঝুঁকি যাচাই না করা এবং রাজনৈতিক ও প্রশাসনিক ক্ষমতার অপব্যবহার**

  –যথাযথভাবে ঝুঁকি যাচাই ব্যতিত আশ্রয়কেন্দ্র নির্মাণ করায় বরিশাল, লক্ষ্মীপুর, চাঁদপুরসহ বিভিন্ন স্থানে নদীগর্ভে বিলীন হয়ে যাওয়া

  –আশ্রয়কেন্দ্র নির্মাণের পর ক্ষেত্রবিশেষে তা প্রভাবশালীদের দখলে রাখা ও ব্যক্তিগত কাজে ব্যবহার

চলমান...

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: অনিয়ম ও দুর্নীতি...

- **সব দুর্যোগের সময়েই বিভিন্ন এলাকায় ত্রাণের সুবিধাভোগী নির্বাচন ও বিতরণে অনিয়ম**
  - সরকারি কর্মকর্তা এবং জনপ্রতিনিধি কর্তৃক তাদের ইচ্ছেমতো উপকারভোগী নির্বাচনের অভিযোগ
  - জনপ্রতিনিধি কর্তৃক স্বজনপ্রীতি ও রাজনৈতিক বিবেচনায় উপকারভোগী নির্বাচন ও ত্রাণ বিতরণ
  - ক্ষতিগ্রস্ত বাড়িঘর সংস্কারে ঢেউটিন এবং টাকা বরাদ্দের ক্ষেত্রে সুবিধাভোগীদের থেকে অনৈতিক অর্থ গ্রহনের অভিযোগ
- **দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম) কর্তৃক ২০১৯-২০ অর্থবছরে ক্রয় প্রক্রিয়ায় অনিয়মের অভিযোগ**
  - পছন্দের ঠিকাদারকে কার্যাদেশ দিতে শুকনো খাবার ক্রয়ে মন্ত্রণালয়ের নির্দেশিকা অনুসরণ না করা
  - সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতার ঘাটতি থাকায় একজন ঠিকাদারকে বাদ দিলেও পরবর্তী অন্য আরেকটি দরপত্রে তাকেই কার্যাদেশ প্রদান
  - একজন ঠিকাদারের বিরুদ্ধে মানহীন ঢেউটিন সরবরাহের অভিযোগে দুদকে মামলা চলমান থাকা স্বত্ত্বেও কার্যাদেশ প্রদান

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: অনিয়ম ও দুর্নীতি...

- **উপকূলীয় বাঁধ সংস্কার ও রক্ষণাবেক্ষণে অনিয়ম**
  - আশাশুনিতে চিংড়ি চাষের জন্য বেড়িবাঁধ কাটা সংক্রান্ত ৩৬০টি মামলা নিষ্পত্তি না হওয়ার পিছনে সংশ্লিষ্ট প্রভাবশালীদের সাথে পাউবো কর্মকর্তাদের আর্থিক লেনদেন ও পারস্পরিক যোগসাজসের অভিযোগ
  - পছন্দের ঠিকাদারের সাথে যোগসাজসে পাউবো কর্মকর্তা কর্তৃক অতিরিক্ত প্রাক্কলন করে দরপত্র আহবান এবং কাজ প্রাপ্তির পর অতিরিক্ত প্রাক্কলনের টাকার অংশ সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট থেকে নেওয়ার অভিযোগ
  - গাবুরায় সিডিউল অনুযায়ী পুরনো বেড়িবাঁধের উচ্চতা আগের চেয়ে ৩ফুট বাড়ানোর কথা থাকলেও তা না করার অভিযোগ
  - ভোলার চরফ্যাশন ও মনপুরা শহর রক্ষা বাঁধ প্রকল্পে নিম্নমানের সিসি ব্লক স্থাপন এবং প্রকল্প কর্মকর্তার সাথে যোগসাজসে ঠিকাদারের বিরুদ্ধে অর্থ আত্মসাৎ করার অভিযোগ
  - খুলনা ও সাতক্ষীরায় নদী খনন প্রকল্পে অর্থ আত্মসাতের অভিযোগ
- **উপকূলীয় অবকাঠামো নির্মাণ, সংস্কার ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ৪টি প্রকল্পে দুর্নীতির কারণে ০.২৬-১৪০ কোটি টাকার আর্থিক ক্ষতির সুনির্দিষ্ট অভিযোগ; প্রকল্প বাজেটের শতকরা হিসেবে এসকল আর্থিক ক্ষতির হার সর্বনিম্ন ১৪.৩৬ ভাগ হতে সর্বোচ্চ ৭৬.৯২ ভাগ পর্যন্ত।**

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: অনিয়ম ও দুর্নীতি

| উপকূলীয় অবকাঠামো নির্মাণ, সংস্কার ও রক্ষণাবেক্ষণে দুর্নীতি | | | | | |
|---|---|---|---|---|---|
| প্রকল্প/কার্যক্রমের ধরন | দুর্নীতির ধরন | সময় কাল | প্রকল্পের বাজেট (কোটিতে) | দুর্নীতির কারণে আর্থিক ক্ষতি (কোটিতে) | দুর্নীতির কারণে আর্থিক ক্ষতি (শতাংশে) |
| পানি ব্যবস্থাপনা প্রকল্প | ক্রয় আইন লঙ্ঘন ও ক্রয় প্রক্রিয়ায় দুর্নীতি, দরপত্রে উল্লিখিত শর্ত ও অভিজ্ঞতা পূরণ না হওয়া স্বত্বেও সংসদ সদস্যের স্ত্রীর প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান | ২০১১ | ৯৭৫ | ১৪০ | ১৪.৩৬ |
| বরগুনায় ও পটুয়াখালীতে পোল্ডার নির্মাণ প্রকল্প | অতিরিক্ত ব্লক ব্যবহারের নামে ঠিকাদার ও প্রকল্প কর্মকর্তাদের যোগসাজসে অর্থ আত্মসাৎ | ২০১৬ | ৭২.০৩ | ১৬.৮৩ | ২৩.৩৭ |
| মনু নদী সেচ ও পাম্পহাউজ পুনর্বাসন | কর্মকর্তা ও ঠিকাদারের যোগসাজসে ক্রয় প্রক্রিয়ায় অনিয়ম ও অতিরিক্ত বিল দেখিয়ে অর্থ আত্মসাৎ | ২০১৯ | ৫৪.৮৩ | ৩৪.৪২ | ৬২.৭৮ |
| খুলনার কয়রায় বাঁধ সংস্কার | প্রকল্পের কাজ সম্পূর্ণ না করে প্রকল্প কর্মকর্তা কর্তৃক অর্থ আত্মসাৎ | ২০২০ | .২৬ | ০.২০ | ৭৬.৯২ |

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জঃ সমন্বয়

| সমন্বয়ের চ্যালেঞ্জ বিষয়ক পর্যবেক্ষণের সুনির্দিষ্ট ক্ষেত্রসমূহ | সিডর-২০০৭ | আইলা-২০০৯ | রোয়ানু-২০১৬ | বন্যা-২০১৯ | আমফান-২০২০ |
|---|---|---|---|---|---|
| দুর্যোগ সহনশীল অবকাঠামো নির্মাণ ও সংস্কারে সরকারি আন্তঃপ্রাতিষ্ঠানিক সমন্বয় | | | | | |
| দুর্যোগ মোকাবেলা প্রস্তুতিতে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান এবং স্বেচ্ছাসেবকদের সমন্বয় | | | | | |
| ত্রাণ বরাদ্দ ও বিতরণে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সমন্বয় | | | | | |

| | |
|---|---|
| | ঘাটতি |
| | না থাকা |

# দুর্যোগ মোকাবেলায় সুশাসনের চ্যালেঞ্জ: সমন্বয়

- **দুর্যোগ সহনশীল অবকাঠামো নির্মাণ ও সংস্কারে সমন্বয়ের ঘাটতি**
  - একাধিক সরকারি প্রতিষ্ঠানের সম্পৃক্ততা থাকলেও সমন্বয়ে ঘাটতির ফলে আশ্রয়কেন্দ্রের অভিন্ন নকশা প্রণয়ন, নির্মাণ ও দুর্যোগকালীন সুযোগ-সুবিধা এবং ব্যবহার উপযোগীতা নিশ্চিতে ঘাটতি
  - কয়রায় স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক বাঁধ মেরামতের চেষ্টা কিন্তু সাংসদ কর্তৃক প্রতিশ্রুত থোক বরাদ্দ প্রদান না করা এবং স্থানীয় প্রশাসন থেকে সহযোগীতার অভাবে উদ্যোগটি বাধাগ্রস্ত হওয়া
- **স্থানীয় জনপ্রশাসন ও জনপ্রতিনিধিদের মধ্যে সমন্বয়ের ঘাটতির ফলে যথাসময়ে ত্রাণ না পৌঁছানো**
- **সরকারি প্রতিষ্ঠানের সাথে বেসরকারি প্রতিষ্ঠানের সমন্বয় না থাকায় একই সুবিধাভোগীর একাধিকবার ত্রাণ পাওয়া**
- **দুর্যোগের প্রকৃত ক্ষয়-ক্ষতির পরিমাণ সঠিকভাবে নিরূপণে সমন্বয়ের ঘাটতি**
  - আমফানে ডিডিএম কর্তৃক মোট ২১৯ কোটি টাকার কৃষি ক্ষতি নিরূপণ করা হলেও কৃষি মন্ত্রণালয় কর্তৃক তা ৫৪.৩৪ শতাংশ কম দেখানো

# সার্বিক পর্যবেক্ষণ

- দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত আন্তর্জাতিক অঙ্গীকার, জাতীয় আইন, নীতি এবং আদেশাবলী প্রতিপালনে কার্যকর উদ্যোগে ঘাটতি
- দুর্যোগ পূর্বাভাস প্রচারে আন্তঃপ্রাতিষ্ঠানিক সমন্বয় না থাকায় কেন্দ্রিয় পর্যায় থেকে বিভ্রান্তিকর তথ্য প্রদান; ফলে স্থানীয় পর্যায়ে জরুরি সতর্কবার্তা প্রচারে ভুল বোঝাবুঝি সৃষ্টি
- দুর্যোগ সহনশীল অবকাঠামো (আশ্রয়কেন্দ্র, বাঁধ, রাস্তা ইত্যাদি) নির্মাণ এবং রক্ষণাবেক্ষণে অনিয়ম ও দুর্নীতির কারণে জনদুর্ভোগ ও অর্থনৈতিক ক্ষয়-ক্ষতি বৃদ্ধি হলেও অভিযুক্ত সংস্থাগুলোকে জবাবদিহিতার আওতায় না আনা
- ত্রাণের চাহিদা যাচাই, উপকারভোগী নির্বাচন ও বিতরণ কার্যক্রমে দুর্নীতি ও অনিয়ম এবং স্বচ্ছতা, জবাবদিহিতা, ন্যায্যতা ও জনঅংশগ্রহণ নিশ্চিত না হওয়ায় প্রকৃত ক্ষতিগ্রস্ত জনগণের ত্রাণ সহায়তা থেকে বঞ্চিত হওয়া
- স্থানীয় সরকারি প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা এবং আন্তঃপ্রাতিষ্ঠানিক সমন্বয়ের ঘাটতির কারণে দুর্যোগে ক্ষয়ক্ষতির প্রকৃত হিসাব ও ত্রাণের চাহিদা নিরূপণ এবং কার্যকর সমন্বিত পুনর্বাসন কর্মপরিকল্পনা করতে না পারা
- তাৎক্ষনিক ও দীর্ঘমেয়াদী পুনর্বাসনের উদ্যোগ না নেওয়ায় অতিদরিদ্র শ্রেনির একটি অংশের বাস্তুচ্যুত হয়ে নিকটবর্তী শহরে এবং রাজধানীতে অভিবাসন; আরও নতুন জলবায়ু তাড়িত বাস্তুচ্যুতি এবং অভ্যন্তরীন অভিবাসন বৃদ্ধির আশংকা
- দুর্যোগ মোকাবেলা ও ব্যবস্থাপনায় সুশাসন নিশ্চিতে ইতোপূর্বে পরিচালিত গবেষণার সুপারিশ পুরোপুরি আমলে না নেওয়া এবং বাস্তবায়ন না করার ফলে সাম্প্রতিক দুর্যোগেও পূর্বের চিহ্নিত ঘাটতিসমূহের পুনরাবৃত্তি

# সুপারিশ

১. বিদ্যমান সতর্কবার্তা প্রদান পদ্ধতি হালনাগাদ করে সাধারণ জনগণের বোধগম্য ভাষায় প্রচার করতে হবে এবং এক্ষেত্রে বিভ্রান্তি এড়াতে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্তৃপক্ষকে সতর্কতার সাথে বার্তা প্রচার করতে হবে

২. ঝুঁকিপূর্ণ অঞ্চলসমূহকে অধিকতর গুরুত্ব দিয়ে যথাসময়ে পূর্বাভাস ও সতর্কবার্তা প্রদান করতে হবে

৩. অধিকতর বিপদাপন্ন পরিবার ও এলাকাকে প্রাধান্য দিয়ে ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম স্বচ্ছতার সাথে পরিচালনা করতে হবে

৪. ত্রাণ ও পুনর্বাসন সম্পর্কিত তথ্য জাতীয় ও স্থানীয় পর্যায়ে তথ্য বাতায়নের মাধ্যেমে জনগণের জন্য উন্মুক্ত করতে হবে

৫. আপদকালীন পরিস্থিতি ও দুর্যোগের সম্ভাব্য ঝুঁকি বিবেচনায় নিয়ে স্থানীয় পর্যায়ের কমিটি, স্বেচ্ছাসেবক দল ও সংশ্লিষ্ট অংশীজনের কার্যকর অংশগ্রহণে দুর্যোগ প্রস্তুতি গ্রহণ করতে হবে

৬. নারী, শিশু, বৃদ্ধ ও প্রতিবন্ধীদের জন্য বিশেষ সুবিধা সম্বলিত এবং এলাকা ভিত্তিক পর্যাপ্ত আশ্রয়কেন্দ্র নিশ্চিত করতে হবে

৭. আশ্রয়প্রার্থীদের সংখ্যা বিবেচনায় নিয়ে আশ্রয়কেন্দ্রগুলোতে পর্যাপ্ত খাদ্য, পানি, পয়ঃনিস্কাশন ও জরুরি চিকিৎসা সেবার প্রস্তুতি গ্রহণ এবং তা সরবরাহ নিশ্চিত করতে হবে

চলমান...

# সুপারিশ...

৮. স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর নেতৃত্বাধীন “অংশগ্রহণমূলক” পদ্ধতিতে দুর্যোগ সহনশীল এবং টেকসই অবকাঠামো যেমন আশ্রয়কেন্দ্র, স্থায়ী বাঁধ ও পোল্ডার নির্মাণ, সংস্কার ও পুনঃনির্মাণ করতে হবে

৯. প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতাসহ দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমে দুর্নীতি, অনিয়ম এবং অপচয় বন্ধে জবাবদিহিতা প্রতিষ্ঠা করতে হবে

১০. প্রকাশিত অনিয়ম-দুর্নীতির স্বচ্ছ তদন্ত সাপেক্ষে দোষীদের বিরুদ্ধে বিভাগীয় ও ফৌজদারী ব্যবস্থা গ্রহণের মাধ্যমে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে

১১. দুর্যোগের ফলে বাস্তুচ্যুত পরিবারগুলোর জীবিকার পুনঃপ্রতিষ্ঠা, নতুন জীবিকার সুযোগ সৃষ্টি এবং দুর্যোগ মোকাবেলায় তাদের সক্ষমতা তৈরিতে কার্যকর ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে

১২. দুর্যোগ মোকাবেলায় আন্তর্জাতিক অভিজ্ঞতা বিশেষকরে নেদারল্যান্ডের মত দেশের পানি ব্যবস্থাপনার অভিজ্ঞতার ওপর ভিত্তি করে উপকূলীয় অঞ্চলকে সুরক্ষার জন্য একটি মহাপরিকল্পনা গ্রহণ করতে হবে

# ধন্যবাদ

## আমফান সংক্রান্ত তথ্য সংগ্রহের এলাকা নির্বাচন

- মৃত ও আহতের সংখ্যা, জলোচ্ছ্বাসে তলিয়ে যাওয়া, ক্ষতিগ্রস্ত ঘর-বাড়ি ও পরিবারের সংখ্যা এবং জলবায়ু পরিবর্তনের ঝুঁকিসহ অন্যান্য ক্ষতি বিবেচনা

| জেলার নাম | অঞ্চল ভিত্তিক ঘূর্ণিঝড়ের প্রভাব | ক্ষতিগ্রস্ত উপজেলার নাম |
|---|---|---|
| সাতক্ষীরা | অতিমাত্রায় ক্ষতিগ্রস্ত অঞ্চল | আশাশুনি, শ্যামনগর, সাতক্ষীরা সদর |
| খুলনা | | কয়রা, দাকোপ |
| বরগুনা | | আমতলি, বরগুনা সদর |
| যশোর | উচ্চ-মাত্রায় ক্ষতিগ্রস্ত অঞ্চল | শার্শা, চৌগাছা |
| বাগেরহাট | | শরণখোলা, রামপাল |
| পিরোজপুর | মাঝারি-মাত্রায় ক্ষতিগ্রস্ত অঞ্চল | পিরোজপুর সদর, মঠবাড়িয়া |

# বিভ্রান্তিমূলক সতর্কবার্তা প্রচার (সংযুক্তি-২)

## বিভ্রান্তিমূলক সতর্কবার্তা প্রচারঃ

- "আগামীকাল ভোররাত থেকে মেঘ জমতে শুরু করবে, মূল ঝড় পাস করতে বিকেল বা সন্ধ্যা হতে পারে" [১৯ মে ২০২০]
- "ঘূর্ণিঝড় আমফানের কেন্দ্র বাংলাদেশে প্রবেশের কোনো সম্ভাবনা নেই" [২০ মে ২০২০]
- "সময়ের সঙ্গে সঙ্গে ঝড়টি শক্তি হারিয়ে বাংলাদেশে প্রবেশ করবে" [২০ মে ২০২০]
- "রাতে আমফানের দ্বিতীয় আঘাত হতে পারে ভয়ানক" [২০ মে ২০২০]

# আমফানের ফলে সৃষ্ট জলাবদ্ধতা (<u>সংযুক্তি-৩</u>)







# উপকূলীয় অঞ্চলে পাউবো বাস্তবায়িত কার্যক্রম (সংযুক্তি-৪) (২০১০-২০১৯)

| প্রকল্পের ধরন | প্রকল্প কাজ | জেলা |
|---|---|---|
| বাঁধ নির্মাণ ও তীর সংরক্ষণ | বাঁধ মেরামত, বিকল্প বাঁধ নির্মাণ, বাঁধের ঢাল সংরক্ষণ, খাল পুনঃখনন, নদী তীর সংরক্ষণ, নদী ভাঙ্গন হইতে বাজার ও ফেরীঘাট এবং তৎসংলগ্ন এলাকা রক্ষা | খুলনা, পিরোজপুর |
| পোল্ডার নির্মাণ | পোল্ডার পুনর্বাসন ও উঁচু করণ, বিকল্প বাঁধ নির্মাণ, ইনটিরিয়র ডাইক পুনর্বাসন | সাতক্ষীরা, বাগেরহাট, খুলনা, বরগুনা, পিরোজপুর |
| জলাবদ্ধতা দূরীকরন | ড্রেনেজ রেগুলেটর/স্লুইস গেট নির্মাণ, ইরিগেশন ইনলেট নির্মাণ, ইনলেট/আউটলেট পুনর্বাসন | যশোর, সাতক্ষীরা |
| নদী ড্রেজিং ও নব্যতা বৃদ্ধি প্রকল্প | নদী খনন, বন্দর, চর ও স্থানীয় এলাকা রক্ষা | খুলনা, বাগেরহাট, পিরোজপুর, সাতক্ষীরা |
| বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন এবং সেচ | বিল-ঝিল সংরক্ষন, জলাবদ্ধতা নিরসন, বেড়িবাঁধ প্রতিরক্ষা, প্রকল্প ও ড্রেজিং | খুলনা, যশোর, সাতক্ষীরা |
| অন্যান্য | জলবায়ু প্রভাব মোকবেলা, পুনর্বাসন, সমীক্ষা | সাতক্ষীরা ও অন্যান্য |